

সংস্থার নাম: বাংলাদেশ পর্যটন করপোরেশন।

উদ্ভাবনের শিরোনামঃ বাংলাদেশ পর্যটন করপোরেশন এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিজস্ব ফেইসবুক আইডি ব্যবহার করে বাপক এর সকল বাণিজ্যিক ইউনিটসমূহের প্রচারণা কার্যক্রম গ্রহণ।

ফেইসবুক (Face Book) বিশ্ব-সামাজিক আন্তঃযোগাযোগ ব্যবস্থার একটি ওয়েবসাইট যা ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয়। এটিতে বিনামূল্যে সদস্য হওয়া যায়। পত্রপত্রিকায় প্রকাশিত তথ্য হতে জানা যায় সারা বিশ্বে ইন্টারনেট ব্যবহারকারীদের ৭০ শতাংশ মানুষ সামাজিক যোগাযোগ মাধ্যমে সংযুক্ত রয়েছে। তরুণদের মধ্যে এ হার আরও বেশি, প্রায় ৯০ শতাংশ। বাংলাদেশে যারা ইন্টারনেট ব্যবহার করে তাদের মধ্যে ৮০ শতাংশ মানুষের রয়েছে ফেসবুক অ্যাকাউন্ট। সুতরাং একজন ব্যক্তি তার নিজস্ব একাউন্টের মাধ্যমে তার সকল বন্ধুর কাছে ব্যক্তিগত বা ব্যবসায়িক যে কোন তথ্য পৌঁছাতে পারে।

ফেইসবুক (Face Book) একাউন্ট ব্যবহার করে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর হোটেল/মোটেল এর কার্যক্রম ব্যাপকভাবে ছড়িয়ে দেয়ার উদ্দেশ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে বাপক এর নির্বাহী প্রকৌশলী জনাব নজরুল ইসলাম ধারণা প্রদান করেন যে “**বাংলাদেশ পর্যটন করপোরেশন এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিজস্ব ফেইসবুক আইডি ব্যবহার করে বাপক এর সকল বাণিজ্যিক ইউনিটসমূহের প্রচারণা কার্যক্রম গ্রহণ**”

এ ধারণাকে কাজে লাগিয়ে বাংলাদেশ পর্যটন করপোরেশন এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিজস্ব ফেইসবুক আইডি ব্যবহার করে তাদের স্ব স্ব একাউন্টের সকল বন্ধুদেরকে বাপক পরিচালিত বাণিজ্যিক ইউনিটসমূহের সুযোগ-সুবিধা, বিশেষ ছাড় ইত্যাদি প্রচারণা কার্যক্রম গ্রহণ করবেন। বাপকের সকল বাণিজ্যিক ইউনিট এর সুযোগ-সুবিধার উপর ভিডিও/ বিশেষ ছাড়/অন্যান্য বিষয়ের সকল তথ্য বাপক এর কর্মকর্তা/কর্মচারীগণ তাদের নিজস্ব ফেইসবুক আইডিতে আপলোড করবেন যা তার একাউন্টের সকল বন্ধু দেখতে পারবেন। এর মাধ্যমে সাধারণ জনগণের মধ্যে ডিজিটাল পদ্ধতিতে বাপক সকল বাণিজ্যিক ইউনিটসমূহের প্রচারণা কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে।

সুবিধা:

বাংলাদেশ পর্যটন করপোরেশন সামাজিক যোগাযোগ ফেইস বুক মাধ্যমটি ব্যবহারপূর্বক এর থেকে সর্বাধিক সুবিধা আদায়ের লক্ষ্যে বাপক এর সকল কর্মকর্তাদেরকে প্রথমত ফেইসবুক আইডি খোলার নির্দেশনা প্রদান করে। তাদের এ ফেইসবুক আইডি ব্যবহার করে কর্মকর্তা/কর্মচারীরা বাপক এর বাণিজ্যিক ইউনিটের সুযোগ সুবিধা সহ অন্যান্য তথ্যাদি নিয়মিত আপলোড করছেন। বন্ধু ও ফলোয়ারদের মধ্যে তা শেয়ার করার অনুরোধ সহ পোষ্ট করছেন। কোন বিখ্যাত ব্যক্তির ভ্রমণের ছবি সহ তাদের উক্তি, আবিষ্কৃত নতুন পর্যটন

উপাদান ও অন্যান্য আঞ্চলিক ইভেন্ট বিষয়ক খবরা খবর সহ নতুন রান্নাকৃত খাবারের ছবি সহ বিস্তারিত তথ্য নিয়মিত আপলোড দিচ্ছেন।

দেশে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর পর্যটন উন্নয়ন বিষয়ে কর্মকান্ড সম্পর্কে সহজেই অবগত হওয়া যাচ্ছে।

বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বাণিজ্যিক ইউনিট এর বিস্তারিত তথ্য-উপাত্ত সম্পর্কে অবগত হওয়া যাচ্ছে। অনেকেই তাদের নিজস্ব এলাকার পর্যটন উপাদান বিষয়েও অবগত হচ্ছেন এবং করছেন।

বিভিন্ন জেলায় অবস্থিত নতুন নতুন পর্যটন উপাদান বিষয়ে পোস্ট শেয়ারিং মাধ্যমে দেশে বিদেশের অনেকেই অবগত হচ্ছেন। এ বিষয়ে বিস্তারিত জানার ও উক্ত স্থান ভ্রমণের আগ্রহ প্রকাশ করছেন। নিজ এলাকায় অবস্থিত অবহেলিত পর্যটন উপাদান সংরক্ষণ ও প্রচারনায় সহায়তা করছেন। নিজ জেলা ভ্রমণের আমন্ত্রণ জানাচ্ছেন।